দৈনিক বাংলা
তারিখ ... 25 OCT 1991
পৃষ্ঠা ২ ... কলাম ৬

164

ছাত্রলীগের হামলা ঃ সাতজন গ্রেফতার ঃ প্রেসনোট

# চট্টগ্রামের বিআইটিতে তিন ঘন্টা বন্দুক যুদ্ধ ঃ ১৫ জন ছাত্র আহত

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২৪শে অক্টোবর।— বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজীতে (বিআইটি) দুইটি ছাত্র সংগঠনের মধ্যে গতরাত আড়াইটা থেকে ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত তিন ঘন্টা প্রচণ্ড বন্দুক যুদ্ধে ১৫ জন ছাত্র আহত হয়েছে। পুলিশ সাতজন ছাত্রকে গ্রেফতার করেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ছাত্রলীগ কর্মীরা ছাত্রাবাসসহ বিভিন্ন হলে ছাত্রদল কর্মীদের ওপর সশস্ত্র হামলা চালালে এই সংঘর্ষ হয়। পুলিশ সাতজন সশস্ত্র ছাত্রলীগ কর্মীকে গ্রেফতার গ্রেফতার করে।

এদিকে, ইনস্টিটিউটের শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক এক বিবৃতিতে বলেছেন, ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা অব্যাহত থাকায় শিক্ষা কার্যক্রম সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। ইতিমধ্যে এই প্রতিষ্ঠানে দুই বছরের বেশীকাল যাবত সেশন জট চলছে। সন্ত্রাস বন্ধ করার জন্য বার বার উদ্যোগ নেয়া সত্ত্বেও সন্ত্রাসীদের কাছে সবাইকে হার মানতে হয়েছে। বর্তমানে শিক্ষা, শিক্ষক কর্মকর্তা ও কর্মচারিগণ সন্ত্রাসীদের কাছে জিম্মি। তারা ঘটনা তদন্তের জন্য বিচার বিভাগীয় কমিশন গঠনের দাবী জানিয়েছেন।

(শেষ পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামের বিআইটিতে তিন ঘন্টা

(প্রথম পৃঃ পর)

সন্ত্রাসী তৎপরতা বন্ধ ও বিচার বিভাগীয় কমিশন গঠন না হওয়া পর্যন্ত শিক্ষকবৃন্দ অনির্দিষ্টকালের জন্য ক্লাস নেয়া থেকে বিরত থাকবেন বলে জানানোহয়েছে।

**প্রেসনোট**

গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেসনোটে বলা হয়, গত ২৩শে অক্টোবর রাত ২–৩০ মিনিটে চট্টগ্রাম উত্তর জেলা ছাত্রলীগের সম্পাদক দেবাশীষের নেতৃত্বে ৮০/৯০ জন ছাত্রলীগ কর্মী রাউজানে অবস্থিত বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজীতে (বিআইটি) ছাত্রদলের উপর আক্রমণ চালায় এবং এলোপাতাড়ি গুলিবর্ষণ ও বোমা নিক্ষেপ করে। স্থানীয় প্রশাসন ও পুলিশ গোপন সূত্রে পূর্ব হতেই খবর প্রাপ্ত হয়ে আক্রমণ মোকাবেলার জন্য প্রস্তুতি গ্রহণ করে। ঘটনাকালে পুলিশ পাঁচ রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করে এবং ছাত্রলীগ নেতা দেবাশীষসহ সাতজনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত ছাত্রদের মধ্যে তিনজন বিআইটি–এর ছাত্র এবং বাকী চারজন বহিরাগত। গ্রেফতারকৃত ব্যক্তিদের নিকট হতে দু'টি পাইপ গান, একটি চাইনিজ কুড়াল এবং কিছুসংখ্যক গুলি উদ্ধার করা হয়। এই ব্যাপারে রাউজান থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। ২৪–১০–৯১ তারিখ অপরাহ্ণ ২–০০টায় বিআইটি–এর পরিচালকের নেতৃত্বে শিক্ষক এবং কর্মচারীদের একটি প্রতিনিধিদল বিভাগীয় কমিশনারের সাথে সাক্ষাৎ করেন এবং শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত রাখার দাবীজানান।

বিভাগীয় কমিশনার সন্ত্রাস দমনে সরকারের দৃঢ় সংকল্পের কথা ব্যক্ত করে ক্যাম্পাসে সন্ত্রাস দমনের জন্য সর্বাত্মক প্রশাসনিক প্রচেষ্টার আশ্বাস প্রদান করেন। বিভাগীয় কমিশনার শিক্ষকমন্ডলীকে ক্যাম্পাসে সন্ত্রাস উৎসাহ ও প্রশ্রয় না দেওয়ার জন্যও আহবানজানান।